গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

"ভোলা জেলার দৌলতখান উপজেলাধীন দৌলতখান পৌরসভা ও চকিঘাট এবং অন্যান্য অধিকতর ঝুঁকিপূর্ণ এলাকা মেঘনা নদীর ভাঙ্গন হতে রক্ষা" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	১৩-১২-২০২১।
সভার সময়	বেলা ১২:৩০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যদের ও অনলাইনে যোগদানকৃত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব, উন্নয়ন-৩ শাখা, পাসম জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৫২২৫৬.৩২ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জানুয়ারী,২০২১ হতে জুন'২০২৪ পর্যন্ত। প্রকল্পের বাস্তব অগ্রগতি ০.৮৬% এবং আর্থিক অগ্রগতি ০.৭৭%। ইতিমধ্যে অতিবাহিত সময়ের তুলনায় প্রকল্পের অগ্রগতি না থাকায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। অতঃপর প্রকল্প পরিচালক ও বাস্তবায়নের সাথে সম্পৃক্ত কর্মকর্তাদের অগ্রগতি না থাকার কারণ ব্যাখ্যা করতে বলেন এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

২। আলোচনা ও সিদ্ধান্ত:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
নির্বাহী প্রকৌশলী, ভোলা পওর বিভাগ-১, বাপাউবো জানান, প্রকল্পের আওতায় পূর্ত কাজের ২১টি প্যাকেজের মধ্যে ১৯টি প্যাকেজের NOA প্রদান করা হয়েছে। ইতিমধ্যে ১টি প্যাকেজের কাজ মাঠ পর্যায়ে চলমান এবং ১৮টি প্যাকেজের Mobilization চলমান। অবশিষ্ট ২টি প্যাকেজের দরপত্র মূল্যায়ন প্রক্রিয়াধীন। বর্তমান অর্থ বছরে প্রকল্পের বাস্তব অগ্রগতি ৩৫% অর্জন করা সম্ভব হবে মর্মে প্রতিশ্রুতি ব্যক্ত করেন। প্রকল্পের আওতায় বর্তমান অর্থ বছরে ২০০০.০০ লক্ষ টাকার এডিপি বরাদ্দ রয়েছে। প্রতিশ্রুত অগ্রগতির লক্ষ্যে আরএডিপিতে ৮০০০.০০ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দসহ মোট ১০০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রয়োজন হবে বলে নির্বাহী প্রকৌশলী সভায় উপস্থিত সকলকে অবহিত করেন।	(১) মাঠ পর্যায়ে দ্রুত Mobilization সম্পন্ন করে প্রকল্পের বাস্তব অগ্রগতি বৃদ্ধি করতে হবে। (২) এডিপিতে বরাদ্দকৃত অর্থ ব্যয় সম্পন্ন করে আরএডিপি-তে অতিরিক্ত অর্থ বরাদ্দের জন্য মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।	প্রকল্প পরিচালক

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০০২.২১.৪৬৬ তারিখ: ১১ পৌষ ১৪২৮

২৬ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ:যুগ্মসচিব)।

২) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান, সেচ উইং)।

৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৭) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

৮) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।

৯) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।

১০) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

১১) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১২) যুগ্মসচিব, পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।

১৩) যুগ্ম সচিব, উন্নয়ন-২ অধিশাখা , পানি সম্পদ মন্ত্রণালয়

১৪) প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।

১৫) প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

১৬) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, ডিজাইন, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৭) উপসচিব, উন্নয়ন-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১৮) উপসচিব, পরিকল্পনা-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১৯) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।

২০) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।

২১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর) (অতিরিক্ত দায়িত্ব), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, “ভোলা জেলার দৌলতখান উপজেলাধীন দৌলতখান পৌরসভা ও চকিঘাট এবং অন্যান্য অধিকতর ঝুঁকিপূর্ণ এলাকা মেঘনা নদীর ভাঙ্গন হতে রক্ষা” শীর্ষক প্রকল্প, ভোলা পওর সার্কেল, বাপাউবো, ভোলা।

২৩) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৪ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

২৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।

২৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়।

২৬) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নাজমুল ইসলাম ভূইয়া
উপসচিব